



জরুরি
সীমিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেবিদ্বার, কুমিল্লা।
www.debidwar.comilla.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১৯৪০.০০০.৯৯.০২৪.১৯.১৭৯-১৫৭১

তারিখ: ১১ কার্তিক ১৪২৭

২৭ অক্টোবর ২০২০

বিষয়: কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য **Second Wave** মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিতকরণ

সূত্র: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০.৫১৪ ২৫ অক্টোবর ২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত আধা-সরকারি পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য **Second Wave** মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিত করা, চিকিৎসা কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য সকল ক্ষেত্রে পুনর্ব্যবহারযোগ্য কাপড়ের মাস্ক পরিধান করা, মাস্ক পরিধান বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের সামনে দৃশ্যমান স্থানে 'মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask No Entry' অথবা 'মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service' বিষয়ে ব্যানার স্থাপন এবং কোভিড-১৯ প্রতিরোধে জারিকৃত পরিপত্রসমূহের নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এ ছাড়া, মাস্ক ব্যতীত অফিস/আদালত/শপিংমল/বাজার/সামাজিক/রাষ্ট্রীয় অনুষ্ঠানে না যাওয়া এবং কোনো সাহায্য/সহযোগিতা/সার্ভিস না পাওয়ার বিষয়টিও নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, পত্র প্রাপ্তির ৩ কার্যদিবসের মধ্যে সকল সরকারি দপ্তর/সংস্থার কার্যালয়ের প্রবেশ পথে 'মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask No Entry' অথবা 'মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service' বিষয়ে ব্যানার স্থাপন করতঃ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

২৭-১০-২০২০

রা কিব হাসান

উপজেলা নির্বাহী অফিসার

বিতরণ :

- ১) উপজেলা কর্মকর্তা (সকল), দেবিদ্বার, কুমিল্লা
- ২) ইউপি চেয়ারম্যান (সকল), দেবিদ্বার, কুমিল্লা
- ৩) সচিব, বড়শালঘর ইউপি/ইউসুফপুর ইউপি/রসুলপুর ইউপি/ফতেহাবাদ ইউপি/এলাহাবাদ ইউপি/জাফরগঞ্জ ইউপি/গুনাইঘর (উ:) ইউপি/গুনাইঘর (দ:) ইউপি/রাজামেহার ইউপি/ভানী ইউপি/সুলতানপুর ইউপি/খামতী ইউপি/বরকামত ইউপি/মোহনপুর ইউপি/সুবিল ইউপি
- ৪) সচিব, বড়শালঘর ইউপি/ইউসুফপুর ইউপি/রসুলপুর ইউপি/ফতেহাবাদ ইউপি/এলাহাবাদ ইউপি/জাফরগঞ্জ ইউপি/গুনাইঘর (উ:) ইউপি/গুনাইঘর (দ:) ইউপি/রাজামেহার ইউপি/ভানী ইউপি/সুলতানপুর ইউপি/খামতী ইউপি/বরকামত ইউপি/মোহনপুর ইউপি/সুবিল ইউপি

স্মারক নম্বর: ০৫.৪২.১৯৪০.০০০.৯৯.০২৪.১৯.১৭৯-১৫৭১/১

তারিখ: ১১ কার্তিক ১৪২৭

২৭ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা

২৭-১০-২০২০

রা কিব হাসান

উপজেলা নির্বাহী অফিসার